# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## জুলাই, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১৩/০৭/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১১:৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১৫/০৬/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। তাই প্রতিটি বাড়িতে এবং পাশপাশে কোথাও যেন আবদ্ধ জলাশয়ের মধ্যে মশা বিস্তার লাভ করতে না পারে এ বিষয়ে সকলকে সচেতন হওয়ার আহবান জানান। তিনি মশা নিধনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা পরিষদের সহায়তা কামনা করেন। এছাড়া তিনি জানান, কোভিড-১৯ এর ৪র্থ ডোজের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং বাদ পড়া শিশুদের ইবিউনাইজেশন সপ্তাহ কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। তিনি কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত সেবাগ্রহিতাদের যানবাহনের নিরাপত্তার জন্য সি.সি. ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা পরিষদের নিকট অনুরোধ করেন। তিনি আরও জানান যে, কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইলেকট্রিসিটির ব্যাকআপ না থাকায় ইলেকট্রিসিটি চলে গেলে স্বাস্থ্যসেবা কার্যক্রম অনেক ক্ষেত্রেই বিঘ্নিত হয়। তাই রোগীদের স্বাস্থ্যসেবা সুষ্ঠুভাবে নিশ্চিত করার জন্য তিনি কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আই.পি.এস স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের নিকট অনুরোধ জানান। | ১। বিস্তারিত আলোচনায় ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয় এবং কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সি.সি. ক্যামেরা ও আই.পি.এস স্থাপনের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, চলমান খরিপ-২ মৌসুমে রোপা আমন ফসল আবাদের লক্ষ্যমাত্রা ১৫২৫০ হেক্টর। যার মধ্যে | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে | উপজেলা কৃষি অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | অদ্যাবধি ১১৬০ হেক্টর আবাদ এলাকা অর্জিত হয়েছে এবং রোপন কার্যক্রম চলমান রয়েছে। মাঠ দন্ডায়মান ফসলের মধ্যে আউশ ফসলের কর্তন চলছে। এ পর্যন্ত ৭৮২ হেক্টরের মধ্যে ৭৫০ হেক্টর কর্তন সম্পন্ন হয়েছে। যার ফলন আশানুরুপ হয়েছে। শাকসবজি সহ অন্যান্য ফসলের অবস্থা ভালো আছে। বর্তমানে সার পরিস্থিতি ও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন এবং মশার উপদ্রব নিরসনে উপজেলা কৃষি অফিস সহ উপজেলা পরিষদ ক্যাম্পাসের আগাছা পরিস্কার করার জন্য তিনি সভায় অনুরোধ করেন। | অনুরোধ করা হয়। | কাহারোল, দিনাজপুর। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, বর্তমানে গরুর লাম্পি স্কিন রোগের প্রাদূর্ভাব দেখা যাচ্ছে। রোগটি মূলত মশা ও মাছির মাধ্যমে ছড়ায়। এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কর্তৃক ভ্যাকসিনেশন কার্যক্রম ও সচেতনতামূলক উঠান বৈঠক চলমান রয়েছে। জুলাই,২০২৩ মাসের মধ্যে রোগটির পরিস্থিতি নিয়ন্ত্রণে আসবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, আগামী ২৪-৩০ জুলাই, ২০২৩ মোট ৭ দিনব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন হবে। কর্মসূচি অনুযায়ী সকলের অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনায় জাতীয় মৎস্য সপ্তাহ, ২০২৩ সফল করার জন্য সকলকে অনুরোধ করা হয়।<br>এছড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘর নির্মাণের বরাদ্দ রয়েছে। কিন্তু স্থান নির্বাচন করা হয়নি। তাই মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘর নির্মাণের জন্য উপজেলা পরিষদ ক্যাম্পাসে দ্রুত স্থান নির্বাচন করা প্রয়োজন।<br>এছাড়া উপজেলা প্রকৌশলী জানান, কাহারোল উপজেলা পরিষদের বিভিন্ন বিল্ডিং সংলগ্ন গাছের ডাল বৃদ্ধি পাওয়ার কারনে বিল্ডিং এর সুরক্ষার জন্য গাছের ডালগুলি কর্তনপূর্বক নিলামে বিক্রয় করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।<br>এছাড়া কাহারোল উপজেলা পরিষদ ক্যাম্পাসের বাউন্ডারি ওয়াল ও মেইন গেইট নির্মাণের প্রয়োজনীয়তা উপস্থাপন করেন। | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘর নির্মাণের জন্য কাহারোল উপজেলা সদরের মধ্যে উপযুক্ত স্থান নির্বাচন করা প্রয়োজন। এ বিষয়ে তিনি সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুরকে উপযুক্ত স্থান নির্বাচনপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর।<br>২।উপজেলা প্রকৌশলী |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, শীঘ্রই সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং শেখ | বিস্তারিত আলোচনায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় | উপজেলা শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| | ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ চলতি মাসেই অনুষ্ঠিত হবে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>আলোচনায় ৪নং তারগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান, ৪নং তারগাঁও ইউনিয়নের কাটনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারি চাকুরীতে অবহেলা করে সঠিকভাবে বিদ্যালয় পরিচালনা করছেন না। ফলে বিদ্যালয়টি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এলাকাবাসী ঐ বিদ্যালয়ের শিক্ষকগণকে অন্যত্র বদলীপূর্বক নতুন শিক্ষক পদায়নের মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নত করার জন্য দাবী জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এবং শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>বিস্তারিত আলোচনায় ৪নং তারগাঁও ইউনিয়নের কাটনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে অন্যত্র বদলীপূর্বক নতুন শিক্ষক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ ক্যাম্পাসে প্রতি বর্ষাকালে আগাছা বৃদ্ধির ফলে প্রচুর মশার উপদ্রব লক্ষ্য করা যাচ্ছে। তাই তিনি মশা নিধনের জন্য ফগার মেশিন ক্রয়ের জন্য সভায় অনুরোধ করেন।<br><br>এছাড়া যে কোন দুর্যোগে তাৎক্ষণিকভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসকে অবহিত করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, সুন্দরপুর ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর অতীব প্রয়োজন। সীমানা প্রাচীরের অভাবে সরকারি জমি বেদখল হচ্ছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ২০২২-২০২৩ সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নির্ধারিত ২১টি সূচকের বিপরীতে ২টি সূচক শতভাগ ব্যতিত অবশিষ্ট ১৯টি সূচক শতভাগ সফলতা অর্জনে সক্ষম হয়েছে। বর্তমান ২০২৩-২০২৪ সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তারই ধারাবাহিকতায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, অত্র দপ্তরের সকল প্রকল্প ও কর্মসূচির ঋণ আদায় ও বিতরণ চলছে। আবর্তক কর্মসূচির ১৪.৪১ হাজার টাকা ঋণ আদায় হয়েছে। সকল কর্মসূচির সদস্যদের কিছু প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান, ১৬৯ টি গভীর নলকূপ সেচ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে চলছে। খাল খননের কাজ চলমান রয়েছে। সেচ ব্যবস্থাপনার জন্য পাইপ লাইনের কাজ চলছে ২০২২-২০২৩ অর্থ বছরে মোট ২৭টি সেচনালা হয়েছে। ৫টি সেচ পাম্প ঘরের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, ভারী বৃষ্টিপাতের ফলে তার অফিসের সামনে মাঠে পানি হাটু পরিমাণ জমে। যা খুব সমস্যা সৃষ্টি করে। তিনি উক্ত মাঠে পর্যাপ্ত পরিমাণ মাটি ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের নিকট অনুরোধ করেন:<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ঋণ আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সঞ্চয় আদায় ও সদস্য প্রত্যাহার এর কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া তিনি উপজেলা নির্বাহী অফিসারের নিকট সার্টিফিকেট মামলার বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করেন<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীণ বোরো চাল ও ধান সংগ্রহ কার্যক্রম চলছে। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। চাল সংগ্রহ ৭০% অর্জিত হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, চলতি বর্ষা মৌসুমে চারা লাগানোর জন্য উপযুক্ত পরিবেশ বিদ্যমান রয়েছে, তাই সকলকে উপযুক্ত জায়গায় বৃক্ষরোপণ ও সংরক্ষণের জন্য আহবান জানান।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন. | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |

| | | | |
|---|---|---|---|
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘরের ট্রান্সফর্মার চুরি হয়েছে। পরবর্তীতে ট্রান্সফর্মারটি প্রত্নতাত্ত্বিক জাদুঘর ক্যাম্পাসের ভিতরে স্থাপনের জন্য সহকারী জেনারেল ম্যানেজার, কাহারোল জোন, পবিস-১ কে অনুরোধ জানান।<br>এছাড়া সহকারী জেনারেল ম্যানেজার, কাহারোল জোন, পবিস-১ জানান বাসাবাড়ী ও অফিসসমূহে বিদ্যুতের বকেয়া বিল পাওনা রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিলসমূহ দ্রুত পরিশোদের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনায় কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘরের ট্রান্সফর্মারটি চুরি রোধে জাদুঘর ক্যাম্পাসের ভিতরে স্থাপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>এছাড়া বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ করা হয়। | ১। সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি<br>২। কাস্টোডিয়ান কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে তাকে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৭। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |
| ২৮। তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২৯। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, আগুন একটি স্পর্শকাতর বিষয় হওয়ায় প্রতিটি সরকারি দপ্তরে ফায়ার ডিসটিংগুইসার স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র প্রদানের জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br><br>ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, হাট বাজারগুলোতে আগুন বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আগুন নিভানো সংক্রান্ত মহড়ার মাধ্যমে প্রশিক্ষন প্রদান করা হচ্ছে।<br>এছাড়া তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | প্রতিটি সরকারি দপ্তরে ফায়ার ডিসটিংগুইসার স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র প্রদানের জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |

| | | | |
|---|---|---|---|
| ৩১। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, অত্র দপ্তর হতে মাসিক ৬,০০০/- টাকা অফিস ভাড়া বাবদ বরাদ্দ রয়েছে: তাই উপজেলা পরিষদের পুরাতন তিনতলা ভবনের তৃতীয় তলায় মাসিক ৬,০০০/- টাকা ভাড়া প্রদানপূর্বক তিনি অফিস পরিচালনা করার জন্য সভার সম্মতি কামনা করেন।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুরাতন তিনতলা ভবনের তৃতীয় তলায় মাসিক ৬,০০০/- টাকা ভাড়া প্রদানপূর্বক অফিস পরিচালনা করার বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।
www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১-৮৯৯ তারিখ: ০৫ শ্রাবণ, ১৪৩০ / ২০ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ..........................................................................................
১৪। অফিস কপি।

২০/০৭/২০২৩
মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd